52

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 JUL 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ... ৪ ......

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ৮ মাস পূর্বে পরীক্ষা শেষ ॥ এখনো ফলাফল প্রকাশিত হয় নাই

আনোয়ার আলদীন ॥ পরীক্ষা শেষ হওয়ার পর দীর্ঘ ৮ মাস অতিক্রান্ত হইলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি বিভাগের ফলাফল এখনও প্রকাশিত হয় নাই। বর্তমানে বিভিন্ন বিভাগের ইনকোর্স পরীক্ষা ও ঐচ্ছিক ক্লাস সমাপ্ত না করিয়াই কর্তৃপক্ষ আগামী ২রা আগষ্ট হইতে মাষ্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষা গ্রহণের তোরজোড় চালাইতেছে। ফলে মাষ্টার্সের ছাত্র-ছাত্রীরা পড়িয়াছে উভয় সংকটে। একদিকে মাষ্টার্স ফল প্রার্থীদের ভবিষ্যৎ অনিশ্চয়তা দেখা দিয়াছে অপর দিকে পরীক্ষার্থীরা এই স্বল্প সময়েয় প্রস্তুতিতে পরীক্ষা

(১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ৮ মাস পূর্বে

(১ম পৃঃ পর)

দিতে অপারগতা প্রকাশ করিতেছে। ইহাছাড়া আগামী ২৬শে আগষ্ট হইতে অনুষ্ঠিতব্য বিসি এস লিখিত পরীক্ষার এই মাষ্টার্স পরীক্ষার্থীদের অধিকাংশই অংশ নিবে। একই সঙ্গে মাষ্টার্স পরীক্ষা এবং বিসিএস পরীক্ষা পড়ায় পরীক্ষার্থীদের অবস্থা সঙ্গীন।

জানা যায়, ১৯৯৬ সালের অক্টোবর মাসে বিশ্ববিদ্যালয়ের মাষ্টার্স পরীক্ষা অনুষ্ঠিত হয়। অধিকাংশ বিষয়ের ফলাফল পরীক্ষা শেষ হওয়ার ৩।৪ মাসের মধ্যে প্রকাশিত হইলেও সমাজ বিজ্ঞান, লোক প্রশাসন, ইতিহাস, পরিসংখ্যান ও আইন বিভাগের ফল আজও প্রকাশিত হয় নাই।

এদিকে ২রা আগষ্ট হইতে অনুষ্ঠিতব্য আগামী মাষ্টার্স পরীক্ষা পিছাইবার দাবীতে ছাত্র-ছাত্রীরা গত সোমবার কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীনের নিকট স্মারকলিপি প্রদান করিয়াছে। ভিসি প্রফেসর এ কে, আজাদ চৌধুরী জানান, এই সমস্যা নিয়া আগামী ১৩ই জুলাই ডীনদের বৈঠক ডাকা হইয়াছে। সেই বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত হইবে।